



ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)
ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৮০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫
ওয়েব সাইট: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৫.১০.২০১৮

বিজয় দিবস ২০১৮ প্রতিযোগিতা

আন্তঃকলেজ প্রতিযোগিতা (প্রাথমিক পর্যায়)

‘বিজয় ফুল’ তৈরি প্রতিযোগিতা

প্রতিযোগিতার তারিখ : ১৭ অক্টোবর ২০১৮

প্রতিযোগিতার উদ্দেশ্য : শিক্ষার্থীদের কাছে মহান মুক্তিযুদ্ধের চেতনা উপলব্ধি এবং জাতীয় ফুল সম্পর্কে ধারণা দেয়া

- ১। ১৭ অক্টোবর ২০১৮ একাদশ ও দ্বাদশ শ্রেণির সকল সেকশনের সকল শিক্ষার্থী ৩য় পিরিয়ডে (পূর্ণ সময়) শ্রেণিকক্ষে বসে নিজস্ব উপকরণ দ্বারা এককভাবে এক বা একাধিক ‘শাপলা ফুল’ (জাতীয় ফুল) তৈরি করবে।
- ২। শ্রেণির সকল শিক্ষার্থী এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- ৩। ফুলের উল্টো পিঠে নাম, শ্রেণি, রোল ও সেকশন লিখতে হবে।
- ৪। প্রতি সেকশনের ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী শিক্ষার্থীকে তাৎক্ষণিক পুরস্কৃত করা হবে।
- ৫। শ্রেণি শিক্ষক বিচারকের দায়িত্ব পালন করবেন এবং পুরস্কার বিতরণ করবেন।
- ৬। শ্রেণি শিক্ষক প্রতি সেকশনের ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীর ফুল ও নামের প্রাথমিক তালিকা শিক্ষক কমনরুমে (নিচ তলায়) চূড়ান্ত বিচারকমণ্ডলীর নিকট জমা দিবেন। শ্রেণিশিক্ষক শ্রেণিপ্রতিনিধির মাধ্যমে অন্যান্য প্রতিযোগীর ফুলসমূহ শিক্ষক কমনরুমে জমা দিবেন।
- ৭। চূড়ান্ত বিচারকমণ্ডলী উক্ত প্রাথমিক তালিকা থেকে বাছাই করে ৬ জনকে চূড়ান্ত বিজয়ী ঘোষণা করবেন এবং তাদেরকে কলেজের বিজয় দিবস উদযাপন অনুষ্ঠান (ডিসেম্বর ২০১৮)-এ সনদপত্র ও পুরস্কার দেয়া হবে।
- ৮। চূড়ান্ত বিজয়ী ৬ জন শিক্ষার্থীকে ২০ অক্টোবর ২০১৮ উপজেলা পর্যায়ে প্রতিযোগিতার জন্য প্রেরণ করা হবে।
- ৯। বিজয়ীদের ফুল দ্বারা বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানের মূল মঞ্চ সাজানো হবে।
- ১০। প্রস্তুতকৃত শাপলা ফুলের পাঁপড়ি হবে ৭টি। সবুজ জমিনে সাদা রঙ-এর ম্যাটারিয়ালে এ ফুল তৈরি করতে হবে।
- ১১। ফুলের দৈর্ঘ্য হবে ৬ সেন্টিমিটার বা ২.৫ ইঞ্চি এবং প্রস্থ আনুপাতিক।
- ১২। কাগজ, আর্ট পেপার, কাপড়, প্লাস্টিক, কর্কশিট ইত্যাদি যে কোনো সামগ্রী ব্যবহার করে এ ফুল তৈরি করা যাবে।
- ১৩। স্কেল, কাঁচি, গ্লু-স্টিক/গাম ইত্যাদি উপকরণ শিক্ষার্থীর নিজস্ব।
- ১৪। তথ্য মন্ত্রণালয় কর্তৃক টেলিভিশনে প্রচারিত ‘বিজয় ফুল’ তৈরি প্রক্রিয়ার ভিডিও ক্লিপ অনুকরণ করা যাবে।

এছাড়া ১৭ অক্টোবর ২০১৮ ‘বিজয় ফুল প্রতিযোগিতা’র পর নিচতলার হলরুমে নিম্নোক্ত বিষয়সমূহে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে :

- গল্প রচনা কবিতা রচনা কবিতা আবৃত্তি চিত্রাঙ্কন একক অভিনয়
- চলচ্চিত্র নির্মাণ দেশাত্মবোধক সংগীত জাতীয় সংগীত